# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত আইসিটি বিষয়ক অনলাইন কোর্স
# রিডিং ম্যাটেরিয়াল

## ৯.১ ফ্রিল্যান্সিং
## (ধারণা ও গুরুত্ব, ক্ষেত্র নির্বাচন, অনলাইন মার্কেটপ্লেস এবং প্রয়োজনীয় স্কিল উন্নয়ন)

### বিশেষ নির্দেশনা

- অনেক শিক্ষার্থীই ফ্রিল্যান্সিং শুরু করার সময় এটিকে শেষ গন্তব্য বা "চূড়ান্ত ক্যারিয়ার" হিসেবে ভাবতে শুরু করে, যা অনেক সময় বিভ্রান্তির সৃষ্টি করে এবং দীর্ঘমেয়াদে ক্ষতির কারণ হতে পারে।
- ফ্রিল্যান্সিং নিঃসন্দেহে একটি দারুণ ক্যারিয়ার বিকল্প, তবে এর কারণে পড়াশোনাকে অবহেলা করা ঠিক নয়। পড়াশোনা ও ফ্রিল্যান্সিং একসাথে চালিয়ে যেতে শৃঙ্খলা ও সময় ব্যবস্থাপনা জরুরি।
- প্রাতিষ্ঠানিক ডিগ্রি কেবল আপনার জ্ঞানকে সমৃদ্ধ করে না, এটি ভবিষ্যতে ক্যারিয়ারকে সুরক্ষিত ও দীর্ঘমেয়াদে আরও শক্তিশালী করে। তাই সফল ফ্রিল্যান্সার হতে হলে পড়াশোনায় ফোকাস রেখে ধাপে ধাপে ক্যারিয়ার গড়ে তুলুন।

### ফ্রিল্যান্সিং

ফ্রিল্যান্সিং হলো এমন একটি কর্মপদ্ধতি যেখানে একজন ব্যক্তি কোনো প্রতিষ্ঠানের স্থায়ী চাকরিজীবী না হয়ে স্বাধীনভাবে বিভিন্ন ক্লায়েন্টের জন্য কাজ করেন। কাজের ধরণ হতে পারে প্রজেক্ট ভিত্তিক, ঘন্টাভিত্তিক বা নির্দিষ্ট ডেলিভারির ওপর নির্ভরশীল। এখানে কর্মঘণ্টা, কাজের স্থান ও কাজের ধরন নিজের মতো করে বেছে নেওয়া যায়।ফ্রিল্যান্সাররা তাদের দক্ষতা অনুযায়ী বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে (যেমন Upwork, Fiverr) কাজ খুঁজে নেন এবং নিজেদের পছন্দমতো সময়ে কাজ করতে পারেন।

### ফ্রিল্যান্সিং এর গুরুত্ব




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## ফ্রিল্যান্সিং এর বিভিন্ন ক্ষেত্র/নিশ নির্বাচন

### ক্ষেত্র নির্বাচন কেন জরুরি?

ফ্রিল্যান্সিংয়ে সফল হতে হলে এক বা দুইটি নির্দিষ্ট ক্ষেত্রে দক্ষতা অর্জন করা খুবই গুরুত্বপূর্ণ। নির্দিষ্ট ক্ষেত্র বেছে নিলে, কাজ শেখা সহজ হয়, ক্লায়েন্ট পোায়া সহজ হয়, নির্দিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞ হওয়ার সুযোগ তৈরি হয়।




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## জনপ্রিয় কয়েকটি নিশ/ক্ষেত্র

- ✓ ডাটা এন্ট্রি ও রিসার্চ
- ✓ সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন (SEO)
- ✓ কনটেন্ট রাইটিং
- ✓ সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্ট (SMM)
- ✓ ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট (VA)
- ✓ গ্রাফিক ডিজাইন (UI/UX)
- ✓ ভিডিও কন্টেন্ট ক্রিয়েশন
- ✓ ইউটিউব / রিলস ও শর্ট ভিডিও এডিটিং
- ✓ ডেটা ভিজ্যুয়ালাইজেশন ও ইনফোগ্রাফিকস
- ✓ ওয়েবসাইট ডিজাইন ও ডেভেলপমেন্ট
- ✓ মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট
- ✓ AI প্রম্পট ইঞ্জিনিয়ারিং
- ✓ ব্লকচেইন ডেভেলপমেন্ট




## অনলাইন মার্কেটপ্লেস

### জনপ্রিয় কয়েকটি অনলাইন মার্কেটপ্লেস

- Upwork,
- Freelancer,
- Fiverr,
- ৯৯designs,
- Peopleperhour



## বিশেষায়িত কয়েকটি অনলাইন মার্কেটপ্লেস

- Behance
- Dribbble,
- Envato Studio,
- Codeable




### ক্ষেত্র/নিশ অনুযায়ী স্কিল সনাক্তকরণ

| নিশ | প্রয়োজনীয় স্কিল |
|---|---|
| **ডাটা এন্ট্রি ও রিসার্চ** | বেসিক কম্পিউটার অপারেশন, Microsoft Excel/Google Sheets, টাইপিং স্পিড, ওয়েব রিসার্চ টেকনিক, ডেটা অর্গানাইজেশন |
| **সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন (SEO)** | কীওয়ার্ড রিসার্চ, অন-পেজ SEO, অফ-পেজ SEO, টেকনিক্যাল SEO, Google Analytics, SEO টুলস (Ahrefs, SEMrush, Moz) |
| **কনটেন্ট রাইটিং** | ইংরেজি/বাংলা লিখন দক্ষতা, গ্রামার ও ভোকাবুলারি, SEO কনটেন্ট রাইটিং, ব্লগ/আর্টিকেল স্ট্রাকচার, কপিরাইটিং, রিসার্চ স্কিল |
| **সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্ট (SMM)** | সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম (FB, IG, TikTok, LinkedIn), কনটেন্ট ক্রিয়েশন, পোস্ট শিডিউলিং টুলস (Buffer, Hootsuite), অডিয়েন্স এনগেজমেন্ট, বেসিক গ্রাফিক ডিজাইন (Canva) |
| **ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট (VA)** | ইমেইল ম্যানেজমেন্ট, ক্যালেন্ডার শিডিউলিং, ডকুমেন্টেশন, বেসিক Excel/Word/Google Workspace, কাস্টমার সাপোর্ট, অনলাইন টুলস (Zoom, Slack, Trello) |
| **গ্রাফিক ডিজাইন (UI/UX)** | Adobe Photoshop/Illustrator, Figma, Canva, UX রিসার্চ, ওয়্যারফ্রেম/প্রোটোটাইপ তৈরি, ডিজাইন থিংকিং |

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

| | |
|---|---|
| **ভিডিও কন্টেন্ট ক্রিয়েশন** | স্ক্রিপ্ট রাইটিং, ভিডিও শ্যুটিং, অডিও সেটআপ, Adobe Premiere Pro/CapCut/Filmora, লাইটিং ও এডিটিং বেসিকস |
| **ইউটিউব / রিলস ও শর্ট ভিডিও এডিটিং** | শর্ট ভিডিও এডিটিং টুলস (CapCut, VN, Premiere Pro), ট্রানজিশন, সাবটাইটেল/ক্যাপশন যোগ করা, সাউন্ড ইফেক্ট, থাম্বনেইল ডিজাইন |
| **ডেটা ভিজ্যুয়ালাইজেশন ও ইনফোগ্রাফিকস** | Microsoft Excel/Google Data Studio, Tableau/Power BI, Canva/Adobe Illustrator, চার্ট/গ্রাফ ডিজাইন, ডেটা অ্যানালাইসিস বেসিকস |
| **ওয়েবসাইট ডিজাইন ও ডেভেলপমেন্ট** | HTML, CSS, JavaScript, WordPress, Responsive Design, UX বেসিকস, Hosting/Domain সেটআপ |
| **মোবাইল এপ ডেভেলপমেন্ট** | Java/Kotlin (Android), Swift (iOS), Flutter/React Native, UI Design, API Integration |
| **AI প্রম্পট ইঞ্জিনিয়ারিং** | জেনারেটিভ AI টুলস (ChatGPT, MidJourney, DALL¸E), প্রম্পট ডিজাইন, বেসিক NLP ধারণা, AI কন্টেন্ট কিউরেশন, এথিক্স ও লিমিটেশন |
| **ব্লকচেইন ডেভেলপমেন্ট** | Solidity (Ethereum), Smart Contract, Web৩.js, Crypto Wallet Integration, NFT Concepts, ব্লকচেইন সিকিউরিটি বেসিকস |

## লেভেল অনুযায়ী ফ্রিল্যান্সিং নিশ




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## ফ্রিল্যান্সিং বিষয়ক নৈতিকতা

- ক্লায়েন্টের সাথে সততা বজায় রাখা
- সময়মতো কাজ জমা দেওয়া
- গোপনীয়তা রক্ষা করা
- ন্যায্য মূল্য নির্ধারণ করা
- প্ল্যাটফর্মের নিয়ম মেনে চলা
- প্লেজিয়ারিজম এড়িয়ে চলা




## এই পাঠে যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে:

১. ফ্রিল্যান্সিং কি?
২. ফ্রিল্যান্সিং এর গুরুত্ব কি?
৩. কিভাবে সঠিক নিশ নির্বাচন করতে হয়
৪. ফ্রিল্যান্সিং এর মার্কেটপ্লেসসমূহ কি কি?
৫. কিভাবে নিশ অনুযায়ী স্কিল ডেভেলপমেন্ট করতে হয়

**এছাড়াও নিচের বিষয়গুলো সম্পর্কে বিশদভাবে জানতে ভিজিট করুন:**

১. https://www.youtube.com/watch?v=A10cK2x6z4U
২. https://www.youtube.com/playlist?list=PL1pf33qWCkmiCNnO8fS7uKVfOyVWhLG_j

**(এই প্রকাশনার কোনো অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত পুনর্মুদ্রণ, সংরক্ষণ, অনুলিপি, বিতরণ বা কোনো মাধ্যমে প্রকাশ করা যাবে না।)**

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত